

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নিবন্ধন অধিদপ্তর  
১৪ আবদুল গণি রোড, ঢাকা-১০০০।  
[www.rd.gov.bd](http://www.rd.gov.bd)

অফিস আদেশ

নিবন্ধন অধিদপ্তরের আওতাধীন সারাদেশে মাঠ পর্যায়ে পঁচ শতাধিক সাব রেজিস্ট্রার ও ৬১ জন জেলা রেজিস্ট্রার কর্মরত আছেন। বিদ্যমান অবস্থায়, সাব রেজিস্ট্রার এর ক্ষেত্রে “বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন” অনুবেদনকারী কর্মকর্তা হিসেবে সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার অনুস্বাক্ষর করেন এবং প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা হিসেবে মহা পরিদর্শক, নিবন্ধন প্রতিস্বাক্ষর করে থাকেন। জেলা রেজিস্ট্রারগণের ক্ষেত্রে বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন অনুবেদনকারী কর্মকর্তা হিসেবে মহা পরিদর্শক, নিবন্ধন অনুস্বাক্ষর করেন এবং প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা হিসেবে সচিব, আইন ও বিচার বিভাগ প্রতিস্বাক্ষর করে থাকেন।

০২। বাস্তবিকপক্ষে, দাপ্তরিক কর্মব্যস্ততার কারণে ২০২০ খ্রি. সন হতে ২০২৪ খ্রি. সন পর্যন্ত প্রেরিত বিপুল সংখ্যক কর্মকর্তার বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরবিহীন অবস্থায় অনিপন্ন রয়েছে। ফলে, কর্মকর্তাগণের চাকরির সার্বিক কার্যাবলি ও দক্ষতার মূল্যায়ন যথাসময়ে সম্পন্ন করা সম্ভব হচ্ছে না। যার দরুন, অধিদপ্তরে প্রশাসনিক জটিলতার পাশাপাশি পদোন্নতি ও অন্যান্য ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হচ্ছে। এতদ্ব্যতীত জেলা রেজিস্ট্রারগণ নিবন্ধন অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিধায় সচিব মহোদয়ের সরাসরি নিয়ন্ত্রণকারী কর্মকর্তার না হওয়ায় প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা হিসেবে প্রতিস্বাক্ষর করার ক্ষেত্রে অনুবেদনকারী কর্মকর্তা মহা পরিদর্শক, নিবন্ধন এর মূল্যায়নের ওপরই নির্ভর করতে হয়।

০৩। গোপনীয় অনুবেদন অনুশাসনমালা, ২০২০ এর অনুচ্ছেদ-১.৪.১৩ অনুযায়ী ‘প্রশাসনিক সোপানে অনুবেদনাধীন কর্মচারীর উর্ধ্বতন সরাসরি নিয়ন্ত্রণকারী বা দৈনন্দিন কর্মকর্তা যিনি সরাসরি তত্ত্বাবধান করে থাকেন তিনি অনুবেদনকারী কর্মচারী’ এবং অনুচ্ছেদ-১.৪.১৪ অনুযায়ী ‘প্রশাসনিক সোপানে অনুবেদনকারী কর্মচারীর উর্ধ্বতন সরাসরি নিয়ন্ত্রণকারীই প্রতিস্বাক্ষরকারী কর্মচারী।’

০৪। নিবন্ধন ম্যানুয়াল, ২০১৪ এর ৬ষ্ঠ খণ্ডে বর্ণিত অনুচ্ছেদ-২৯০ মোতাবেক বিভাগীয় পরিদর্শকগণ স্ব স্ব বিভাগের জেলা রেজিস্ট্রারগণের দৈনন্দিন কর্মকর্তা সরাসরি তত্ত্বাবধান করে থাকেন। নিবন্ধন অধিদপ্তরের প্রশাসনিক সোপানে ৫ম খণ্ডভুক্ত রেজিস্ট্রি অফিসসমূহের পরিদর্শকগণ ৬ষ্ঠ খণ্ডভুক্ত জেলা রেজিস্ট্রারগণের উর্ধ্বতন সরাসরি তত্ত্বাবধানকারী কর্মকর্তা। তদানুসারে জেলা রেজিস্ট্রারগণের বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন এ অনুস্বাক্ষর করার দায়িত্ব সংশ্লিষ্ট রেজিস্ট্রি অফিসসমূহের পরিদর্শক (আইআরও) এর ওপর বর্তায়। এছাড়া সাব রেজিস্ট্রারগণের বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন অনুবেদনকারী কর্মকর্তা হিসেবে সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার অনুস্বাক্ষর করে থাকেন এবং এ ক্ষেত্রে অনুচ্ছেদ-১.৪.১৪ অনুযায়ী প্রশাসনিক সোপানে অনুবেদনকারী কর্মচারীর উর্ধ্বতন সরাসরি নিয়ন্ত্রণকারীই প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা হিসেবে রেজিস্ট্রি অফিসসমূহের পরিদর্শক (আইআরও)-ই প্রতিস্বাক্ষর করবেন।

০৪। অন্যদিকে নিবন্ধন অধিদপ্তরে (প্রধান কার্যালয়) নিয়োজিত অতিরিক্ত মহা-পরিদর্শক, নিবন্ধন, ডেপুটি মহা-পরিদর্শক, নিবন্ধন ও রেজিস্ট্রি অফিসসমূহের পরিদর্শক (আইআরও)/ সহকারী মহা-পরিদর্শক, নিবন্ধন (এআইজিআর), হিসাব রক্ষণ কর্মকর্তা, এসিসটেন্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার এর বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন নিবন্ধন অধিদপ্তরের প্রশাসনিক সোপানে অনুবেদনকারী কর্মকর্তা হিসেবে মহা-পরিদর্শক, নিবন্ধন এবং প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা হিসেবে সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এর ওপর বর্তায়।

০৪। বর্ণিত অবস্থাদীনে, ‘গোপনীয় অনুবেদন অনুশাসনমালা, ২০২০’ এর অনুচ্ছেদ-১.৪.১৩ ও ১.৪.১৪ অনুসরণক্রমে নির্দেশিত নিবন্ধন অধিদপ্তরের অধীন কর্মকর্তাগণের বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষর নিম্নবর্ণিত সারণিতে উল্লেখিত কর্মকর্তা কর্তৃক সম্পন্ন করা যাবে।

সারণি

ক্রমিক ন.	অনুবেদনাধীন কর্মচারীর পদবি	অনুবেদনকারী কর্মচারীর পদবি	প্রতিস্বাক্ষরকারী কর্মচারীর পদবি	মন্তব্য
০১	সাব রেজিস্ট্রার	জেলা রেজিস্ট্রার	সংশ্লিষ্ট আইআরও	
০২	জেলা রেজিস্ট্রার	সংশ্লিষ্ট আইআরও	মহা পরিদর্শক, নিবন্ধন	
০৩	অতিরিক্ত মহা পরিদর্শক, নিবন্ধন (এডিশনাল আইজিআর), উপ মহা- পরিদর্শক, নিবন্ধন (ডেপুটি আইজিআর, সহকারী মহা পরিদর্শক, নিবন্ধন(এআইজিআর)/আইআরও, হিসাব রক্ষণ কর্মকর্তা, এসিসটেন্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার	মহা পরিদর্শক, নিবন্ধন	সচিব, আইন ও বিচার বিভাগ	

স্বঃ

কাজী আবদুল হাম্মান  
মহা-পরিদর্শক, নিবন্ধন  
বাংলাদেশ, ঢাকা।

স্মারক সংখ্যা: ১০.০৫.০০০০.০১৮.২১.০০১.২৫-৪৫( ৫৭৭)

তারিখ: ৩০ ডিসেম্বর ২০২৫ খ্রি।

অনুলিপি অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে প্রেরিত হলো:

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে]

০২. উপ মহা-পরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।

০৩. রেজিস্ট্রি অফিসসমূহের পরিদর্শক (আইআরও), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/খুলনা/সিলেট বিভাগ, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।

০৪. জেলা রেজিস্ট্রার, -----(সকল)।


০৫. সাব রেজিস্ট্রার, -----জেলা.----- (সকল)।

০৬. প্রশাসনিক কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।

০৭. শাখা প্রধান, শাখা-১/২/৩/৪/৫/৬, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।

০৮. অফিস সহকারী, শাখা-২, ওয়েবসাইটে প্রকাশের জন্য।

০৯. অফিস নথি।

  
30.12.25

কাজী আবদুল হান্নান  
মহা-পরিদর্শক, নিবন্ধন  
বাংলাদেশ, ঢাকা।